# বাংলাদেশ জাতীয় ক্যাডেট কোর

৫ বিএনসিসি ব্যাটালিয়ন, বি-কোম্পানি, ৩নং প্লাটুন
ইব্রাহীম খাঁ সরকারি কলেজ, ভূঞাপুর, টাঙ্গাইল।

স্মারক নং-বিএনসিসি/

তারিখ : ২রা আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১৭ই সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

ইব্রাহীম খাঁ সরকারি কলেজের ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে বিএনসিসিতে পুরুষ ও মহিলা ক্যাডেট ভর্তি করা হবে। আগ্রহী শিক্ষার্থীদের আগামী ১৭ই সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ হতে ২৩শে সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ মধ্যে বিএনসিসি অফিস কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন করার জন্য বলা হলো।

## ভর্তির শর্তাবলী

১। অত্র কলেজের একাদশ (সাধারণ ও বিএমটি), স্নাতক পাস ও স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ছাত্র/ছাত্রী হতে হবে;
২। এসএসসি/সমমানের পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৩.৫০ প্রাপ্ত হতে হবে;
৩। উচ্চতা কমপক্ষে ছেলেদের ৫′-৬″ ও মেয়েদের ৫′-০″ হতে হবে;
৪। বুকের মাপ কমপক্ষে ছেলেদের ৩০″-৩২″ ও মেয়েদের ২৮″-৩০″ হতে হবে;
৫। সাঁতার জানা আবশ্যক;
৬। আবেদনপত্রের সাথে সদ্য তোলা দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (সত্যায়িত) এবং মার্কশিট (ফটোকপি) জমা দিতে হবে;
৭। শারীরিক, লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;
৮। বিশেষ যোগ্যতা : নাচ, গান, বিতর্ক, কম্পিউটার, খেলাধুলা (ছেলেদের ভবিবল, মেয়েদের ব্যাডমিন্টন), উপস্থিত বক্তৃতা এবং ইংরেজিতে কথা বলা ইত্যাদি ক্ষেত্রে দক্ষ ছাত্র-ছাত্রীদের উপরের শর্তাবলী শিথিলযোগ্য।

## বিএনসিসি ক্যাডেটদের প্রশিক্ষণের প্রাপ্ত সুযোগ-সুবিধা

১। মাতৃভূমির প্রতিরক্ষায় দায়িত্ব পালনের জন্য সরকারি খরচ ব্যবস্থাপনায় সামরিক প্রশিক্ষণ;
২। সরকারি খরচে বিভিন্ন মেয়াদে ব্যাটালিয়ন ক্যাম্প, রেজিমেন্ট ক্যাম্প, সেনাবাহিনীর সাথে (শীতকালীন যৌথ সামরিক প্রশিক্ষণ) কেন্দ্রীয় প্রশিক্ষণ, বিজয় দিবস ও স্বাধীনতা দিবস প্যারেডে অংশগ্রহণের সুযোগ এবং সনদপত্র প্রাপ্তি;
৩। সরকারি খরচে দেশের বিভিন্ন দর্শনীয় স্থান এবং বিদেশ (ভারত, শ্রীলংকা, মালদ্বীপ) ভ্রমণের সুবর্ণ সুযোগ;
৪। মেধাবী শিক্ষার্থীদের বৃত্তির সুযোগ;
৫। বাংলাদেশ সেনাবাহিনীতে সৈনিক পদে যোগদানের ক্ষেত্রে বিশেষ অগ্রাধিকার;
৬। শিক্ষা, সাংস্কৃতিক ও সামরিক অঙ্গণে মননশীলতা বিকাশের সুযোগ;
৭। ভূমিকম্প, বন্যা ও দুর্যোগে উদ্ধার অভিযানের জন্য প্রশিক্ষিত ও সংগঠিত যুবশক্তি রূপে প্রস্তুত থাকার সুযোগ।

১৭/৯/২৫

অধ্যক্ষ
ইব্রাহীম খাঁ সরকারি কলেজ
ভূঞাপুর, টাঙ্গাইল।
e-mail : ikgc1948@gmail.com

17.9.2025

পিইউও খায়রুল বাশার
(প্লাটুন কমান্ডার)
৫ বিএনসিসি ব্যাটালিয়ন, বি- কোম্পানি ৩নং প্লাটুন
ইব্রাহীম খাঁ সরকারি কলেজ
ভূঞাপুর, টাঙ্গাইল।